বিনিয়োগ কৌশলের আদর্শ পত্রিকা

# সিন্ধুক দর্শন

০৪|জুলাই সংখ্যা|২০২০|₹ ৫:০০
www.SINDHUK.com



## DEMAT অ্যাকাউন্ট এবং TRADING অ্যাকাউন্ট বলতে কি বোঝায় ?




## DEMAT অ্যাকাউন্ট এবং TRADING অ্যাকাউন্ট বলতে কি বোঝায় ?

# DEMAT অ্যাকাউন্ট এবং TRADING অ্যাকাউন্ট বলতে কি বোঝায় (What is Demat Account and Trading Account)

DEMAT ACCOUNT:

বর্তমান দ্রুত অগ্রগতির যুগে সকল ব্যবস্থাই পূর্বের তুলনায় অনেক পরিবর্তিত,উন্নত এবং আধুনিক | শেয়ার ও সিকিউরিটিজ সংক্রান্ত ক্রয় বিক্রয়ের ক্ষেত্রে DEMAT account এর গুরুত্ব অপরিসীম | DEMAT কথাটির সৃষ্টি হয়েছে ডিমেটেরিয়ালাইজেসন কথাটির থেকে | এই DEMAT পদ্ধতির মাধ্যমে একজন বিনিয়োগকারীর ফিজিক্যাল ফরম্যাটের শেয়ার সার্টিফিকেট ইলেকট্রনিক ফরম্যাটে রূপান্তরিত হয়ে থাকে | এই ব্যবস্থার মাধ্যমে শেয়ার সার্টিফিকেটের প্রধান হোল্ডারের একাউন্ট থেকে সম নামের ইলেক্ট্রনিক্যাল DEMAT ফরম্যাটে শেয়ার রূপান্তরিত হতে পারে | একজন DEMAT অ্যাকাউন্টের ধারক তার সাথে মনোনীত(নমিনি ) সুযোগ এই ব্যবস্থায় পেয়ে থাকেন | DEMAT অ্যাকাউন্ট হলো এমন একটি একাউন্ট যা শেয়ার , বন্ডস , মিউচুয়াল ফান্ডস ইত্যাদি বিনিয়োগ জাত দ্রব্য জমা রাখার জায়গা | একটি সাধারণ সেভিংস অ্যাকাউন্টের ন্যায় যার মাধ্যমে টাকা পয়সা ব্যাতিত বিনিয়োগজাত দ্রব্যের লেনদেন সম্পাদন হয়ে থাকে |

আধুনিক অর্থনৈতিক ব্যবস্থাপনায় ও ক্যাপিটাল মার্কেটের গঠন অনুসারে নিম্নলিখিত সিকিউরিটিজ সংক্রান্ত বিনিয়োগের জন্য DEMAT অ্যাকাউন্ট থাকা একান্তই বাধ্যতামূলক|

ইকুইটিস,
ডেরিভেটিভস,
ডিবেঞ্চার,
বন্ডস,মিউচুয়াল
ফান্ডস,গভর্ণমেন্ট
সিকিউরিটিজ ইত্যাদি
DEMAT অ্যাকাউন্ট সম্পর্কে বিস্তারিত বোঝার জন্য আমাদের যেসকল বিষয় সম্পর্কে জানতে হবে তা হলো :-

* DEMAT account পদ্ধতির লক্ষ্য |
* DEMAT অ্যাকাউন্টের প্রয়োজনীয়তা ও সুবিধাসমূহ |
* DEMAT অ্যাকাউন্ট চালু করার জন্য প্রয়োজনীয় দলিল দস্তাবেজ |
* DEMAT অ্যাকাউন্টের খরচ |

DEMAT ACCOUNT পদ্ধতির লক্ষ্য :-

১৯৯৬ সালের ডিপোজিটরি আইনের দ্বারা ভারত DEMAT সিস্টেম প্রবর্তন করে শেয়ার , সিকিউরিটিজ সংক্রান্ত ট্রেডিং , শেয়ার আদান প্রদান , হস্তান্তর প্রভৃতির ব্যবস্থা ইলেক্ট্রনিক পন্থা অনুসরণ করা চালু করে | এই ব্যবস্থায় শেয়ার , মিউচুয়াল ফান্ড , বন্ড, ডিবেঞ্চার , গভর্নমেন্ট সিকিউরিটিজ ক্রয় বিক্রয় , শেয়ার স্থানান্তর , হস্তান্তর প্রক্রিয়া পূর্বাপেক্ষা উল্লেখযোগ্য ভাবে সরল হয়ে যায় এবং কাগজের শেয়ার সার্টিফিকেট / শংসাপত্র সম্পর্কিত সকল ঝুঁকি বিলোপ পায়|

১৯৯৬ সালে NSE (ন্যাশনাল স্টক এক্সচেঞ্জ) এর দ্বারা এই ব্যবস্থা চালু হওয়ার মাধ্যমে ভারতীয় শেয়ার বাজারে একটি কাগজবিহীন ট্রেডিং শুরু হয়, যার মাধ্যমে ভারতীয় অর্থনীতির নতুন দিগন্ত উন্মোচিত হয়ে যায় | এই ব্যবস্থা চালু হওয়ার মাধ্যমে বিশ্ব অর্থনীতির সাথে ভারতীয় শেয়ার মার্কেটের তালমিলিয়ে সুস্থ অগ্রগতির শুরু হয় | বর্তমানে শেয়ার ও এক্সচেঞ্জ নথিভুক্ত বিভিন্ন বিনিয়োগ দ্রব্যের ক্রয় বিক্রয় , হস্তান্তরের জন্য এই DEMAT অ্যাকাউন্ট থাকা বাধ্যতামূলক | কোনো বিনিয়োগকারীর বিনিয়োগ করার দিনের থেকে দুই দিনের মধ্যে তার অর্ডার অনুযায়ী প্রাপ্য শেয়ার DEMAT অ্যাকাউন্টে জমা হয় | একজন বিনিয়োগকারী তার নির্দিষ্ট DEMAT অ্যাকাউন্ট থেকে প্রয়োজন মতো শেয়ার , ডিবেঞ্চার প্রভৃতির বিক্রয় আদানপ্রদান , হস্তান্তর করতে পারেন , এবং তার প্রয়োজন মতো এক বা তার অধিক DEMAT অ্যাকাউন্ট চালু ও তার মাধ্যমে বিনিয়োগসংক্রান্ত লেনদেন করতে পারেন |

DEMAT ACCOUNT এর উপকারিতা :-

DEMAT অ্যাকাউন্ট পদ্ধতির মাধ্যমে সহজেই একজন বিনিয়োগকারীর উদ্দেশ্যে বরাদ্দ করা রাইট শেয়ার / বোনাস শেয়ার সহজেই তার DEMAT অ্যাকাউন্টে জমা করা সম্ভব | এর মাধ্যমে কোনো প্রকার জাল জুয়াচুরি , পরিবহনের ঝুঁকি, হস্তান্তরের খরচ ফিজিক্যাল শেয়ার অপেক্ষা প্রায় নাই বললেই চলে | ফিজিক্যাল শেয়ার সংক্রান্ত হস্তাক্ষর স্বাদৃশ্যের অসুবিধা , আগুনে পুড়ে যাওয়ার ভয় , ডাক বিভাগের গোলযোগের কারণে সার্টিফিকেট প্রাপ্তিতে দেরি ,ও ফিজিক্যাল শেয়ার হস্তান্তর এবং স্থানান্তরের শুল্ক অনেক কম প্রয়োজন হয় | ইলেক্ট্রনিক্যালি DEMAT অ্যাকাউন্ট পরিচালিত হওয়ার কারণে একজন বিনিয়োগকারী তার প্রয়োজন মতো সুবিধা মতো জায়গা থেকে DEMAT অ্যাকাউন্ট ব্যবহারের মাধ্যমে লেনদেন সম্পাদন করতে পারেন |

DEMAT ACCOUNT এর সুবিধা :-

* সহজ ও সুরক্ষিত উপায়ে শেয়ার ও বিনিয়োগ দ্রব্যের সংরক্ষণ |
* সহজ হস্তান্তর ও স্থানান্তরের সুবিধা |* নি:শুল্ক হস্তান্তর ও স্থানান্তর |
* সিকিউরিটিজ হস্তান্তর ও স্থানান্তর সংক্রান্ত ঝুঁকি কম ও কম দলিল দস্তাবেজ প্রয়োজন |
* ফিজিক্যাল সার্টিফিকেট ফরম্যাটে একটি মাত্র শেয়ার বিক্রয় সম্পর্কিত অসুবিধা অতিক্রম করে এই ব্যবস্থায় বিনিয়োগকারীর প্রয়োজনমতো একটি শেয়ার বিক্রয়ের সুবিধাও দেওয়া আছে |
* ডিপোজিটরি পার্টিসিপেন্ট এর মাধ্যমে শেয়ার হস্তান্তর হওয়ার কারণে কোম্পানিকে অগ্রিম খবর দেওয়ার প্রয়োজন নেই |
* স্বয়ংক্রিয় পদ্ধতির ব্যবহারের মাধ্যমে DEMAT অ্যাকাউন্ট থেকে সকল লেনদেন সম্পর্কিত (ডেবিট / ক্রেডিট / বোনাস শেয়ার / স্প্লিট) ইত্যাদির কাজ সহজেই হয়ে থাকে |
* পৃথিবীর যেকোনো প্রান্ত থেকে একজন বিনিয়োগকারী তার DEMAT অ্যাকাউন্ট পরিচালনা করতে পারেন |




**DEMAT ACCOUNT চালু করার প্রয়োজনীয় ডকুমেন্ট / দলিল দস্তাবেজ :-**

**DEMAT account চালুর ক্ষেত্রে একজন ব্যক্তিকে KYC (Know Your Client) নিয়ম অনুসরণ করে এবং স্টক ব্রোকারের সাথে একটি সরল চুক্তি স্বাক্ষরের দ্বারা এই অ্যাকাউন্ট চালু করতে হয়।**

**DEMAT ACCOUNT চালুর জন্য প্রয়োজনীয় দলিল দস্তাবেজ :-**

**প্যান কার্ড (আবশ্যিক)।**
**ব্যাংক স্টেটমেন্ট (বিগত তিন মাসের ব্যাঙ্ক স্টেটমেন্ট)।**
**ঠিকানার প্রমাণ পত্র ।**
**আয়কর রিটার্ন সম্পর্কিত কাগজ ।**
**দুটি রঙিন ফটো।**
**ক্রসড চেক (প্রয়োজনে)।**
**বিস্তারিত তথ্য সম্বলিত KYC (Know Your Client) ফর্ম।**

**DEMAT ACCOUNT এর খরচ :-**

কিছু ক্ষেত্রে DEMAT অ্যাকাউন্ট সংশ্লিষ্ট কিছু ফী / খরচ ধ্যার্য্য করা হয় যা বিভিন্ন ব্রোকিং কোম্পানির নিয়মানুসারে ভিন্ন হতে পারে।

**TRADING ACCOUNT :-**

TRADING অ্যাকাউন্ট হলো একটি সাধারণ ব্যাংকের জমা খাতার মতো সমসাময়িক অ্যাকাউন্ট , যার মধ্যে ট্রেডিং ও বিনিয়োগ সম্পর্কিত অর্থ জমা থাকে। এই অ্যাকাউন্ট কোনো ইনভেস্টমেন্ট ব্যবসায়ী দ্বারা চালিত ও পরিচালিত হয় বিনিয়োগকারীর সম্মতি সহকারে। এই অ্যাকাউন্টের জমাকৃত অর্থ রাশি বিনিয়োগকারীকে চাহিদামতো ও প্রয়োজনানুসারে ক্রয় বিক্রয়ে সাহায্য করে থাকে। কৌশলগত উন্নত বিনিয়োগপদ্ধতির ক্ষেত্রে এই অ্যাকাউন্ট থাকা আবশ্যক।
TRADING অ্যাকাউন্টের মাধ্যমে একজন বিনিয়োগকারী ও কোনো কোম্পানি বিনিয়োগ এবং ট্রেডিং সংক্রান্ত অর্থরাশি জমার মাধ্যমে তার দ্বারা ট্রেডিং সম্পাদন করতে পারেন। পূর্বাপেক্ষা নিরাপদ ভাবে সকল লেনদেন পুঙ্খানুপুঙ্খ ভাবে পরিচালনা করার জন্য এই অ্যাকাউন্টের প্রয়োজনীয়তা ও বিস্তার ব্যাপক। এই অ্যাকাউন্ট নগদ অর্থ , বৈদেশিক মুদ্রা , ফিউচার্স , কমোডিটি প্রভৃতি সম্পর্কিত সকল ট্রেডিং সহজে করতে সাহায্য করে থাকে। এই অ্যাকাউন্ট নির্ভর ট্রেডিংয়ের ক্ষেত্রে কমিশন ব্রোকার পরিবর্তে ভিন্ন হতে পারে।

একজন বিনিয়োগকারী তার প্রয়োজন মতো কাজের বিস্তার অনুসারে বিভিন্ন কাজে পৃথক ভাবে ব্যবহারের জন্য বহু ট্রেডিং আকাউন্ট ব্যবহার করতে পারেন। যথা বিনিয়োগের জন্য একটি , বৈদেশিক অর্থ লেনদেন সংক্রান্ত একটি , কমোডিটি , ফিউচার্স ও অপসন , ফরেক্স ট্রেডিং ও দৈনিক ট্রেডিং সংক্রান্ত একটি। এই বিভাজন একজন বিনিয়োগকারীর ঝুঁকি বন্টনে বহুলাংশে সাহায্য করে থাকে।

এই অ্যাকাউন্টে জমাকৃত অর্থ রাশি ব্যবহারের মাধ্যমে বিনিয়োগকারীগণ বিনিয়োগ করেন এবং ডে ট্রেডারগণ মার্জিন হিসাবে ব্যবহার করার সুবিধা পেয়ে থাকেন।

**উপসংহার:**

সহজ সরল ভাবে বর্ণনা করতে গেলে বলা যায় , একজন বিনিয়োগকারীর এই দুই প্রয়োজনীয় (DEMAT & TRADING ) অ্যাকাউন্ট স্টক এক্সচেঞ্জ এর সাথে সংযুক্ত থাকে। একজন ট্রেডার বা বিনিয়োগকারীর নির্দেশ মতো ব্রোকিং সংস্থার দ্বারা TRADING অ্যাকাউন্টের অর্থরাশি ব্যবহারের মাধ্যমে স্টক এক্সচেঞ্জের ইলেক্ট্রনিক প্লাটফর্মে কোনো ট্রেড সম্পাদন হয়ে থাকে ও তার উপযুক্ত সম্পদ / শেয়ার / বন্ডস প্রভৃতি দ্রব্য DEMAT অ্যাকাউন্টে জমা পরে নির্দিষ্ট নিয়মানুসারে। আধুনিক ইলেক্ট্রনিক ট্রেডিং ব্যবস্থায় DEMAT এবং TRADING অ্যাকাউন্ট পরস্পরের সাথে নির্দিষ্ট বন্ধনে আবদ্ধ তাই কোনো ট্রেডিং সম্পাদনের পরবর্তীতে তৎসংক্রান্ত বিনিয়োগ দ্রব্যের সংযুক্তকরণ অথবা বিভাজন সহজেই সম্পাদিত হয়ে থাকে। ইলেক্ট্রনিক্যালি সম্পূর্ণ পদ্ধতিটি শৃঙ্খলাবদ্ধ নিয়মে সম্পাদন হওয়ার কারণে খুব সহজেই গোলযোগের সম্ভাবনা , ঝুঁকির সম্ভাবনা কমিয়ে দিয়ে সুন্দর সুশৃঙ্খল স্টক এক্সচেঞ্জ , ডিপোজিটরি , ব্রোকার , বিনিয়োগকারী প্রভৃতিদের একই ছাদের তলায় নিয়ে এসে সম্পাদিত হয়ে থাকে।

পাঠকদের অনুরোধ করা হচ্ছে যে তারা তাদের মন্তব্য ও যে কোনো প্রকার প্রশ্ন , অনুসন্ধানের জন্য নিম্নের ওয়েব সাইটে লিখে পাঠান।

OPEN DEMAT ACCOUNT

Call or what's aap 9832773806

https://api.whatsapp.com/send?phone=91-9832773806

Authorised partner :- ZERODHA and UPSTOX

Zerodha Link:https://zerodha.com/open-account?c=ZMPMKK

Upstox Link:http://upstox.com/open-account/?f=C6RC

Ours Chanel : www.sindhuk.com

https://chat.whatsapp.com/2V2SgF9qpG47ASSytQHMCt

আমাদের সাথে যোগাযোগ করতে:-

লেখকঃ বিশ্বজিৎ মালাকার , সিন্ধুকের পক্ষে।

WWW.SINDHUK.COM
MOBILE:9832773806
BISWAJITMALAKAR@YAHOO.CO.IN